

তারিখ : ২২-০৩-২০২২ (পৃঃ ০২)

শস্য উৎপাদনে কৃষি যান্ত্রিকীকরণ বিষয় নিয়ে কর্মশালা শুরু

নিজস্ব বার্তা পরিবেশক

শস্য উৎপাদনে কৃষি যান্ত্রিকীকরণের সুযোগ-সুবিধা চিহ্নিত করে তার গতি ত্বরান্বিত করা এবং কৃষি যান্ত্রিকীকরণ বাড়ানোর সঙ্গে কীভাবে বাংলাদেশের হালকা প্রকৌশল খাতকে দেশীয় ও আন্তর্জাতিক বাজারের জন্য কৃষি যন্ত্রপাতি এবং খুচরা যন্ত্রাংশ তৈরিতে সহায়তা করার বিষয়ে গতকাল 'কৃষি যান্ত্রিকীকরণ-ভবিষ্যৎ বাংলাদেশ' শীর্ষক দুই দিনের কর্মশালা শুরু হয়েছে।

দুই দিনের এ কর্মশালা উদ্বোধন করেন কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক। ইউএসএআইডি'র অর্থায়নে ফিড দ্য ফিউচার বাংলাদেশ সিরিয়াল সিস্টেম ইনিশিয়েটিভ ফর সাউথ এশিয়া-মেকানাইজেশন অ্যান্ড এন্ট্রটেনশন অ্যাক্সিভিটি (সিসা-এমইএ) ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় যৌথভাবে এ কর্মশালার আয়োজন করেছে।

কর্মশালায় গ্রামীণ নারী ও যুবকদের কৃষি যন্ত্রপাতি সেট্টরে কর্মসংস্থান অর্জন, কৃষি যান্ত্রিকীকরণ ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠা, কৃষি যন্ত্রপাতি উৎপাদন, বিক্রয় ও পরিষেবার বিধানের অর্থায়নের উদ্ভাবনী উপায়ে সহায়তা করা যাবে সেবব বিষয়ে আলোকপাত করা হয়।

আয়োজকরা বলছে, এ দুই দিনের কর্মশালায় ৪টি অধিবেশন থাকবে। যেখানে এ কর্মশালার জন্য বিশেষভাবে পরিচালিত ও প্রস্তুত করা গবেষণার ফলাফল এবং মতামত উপস্থাপন করা হচ্ছে। প্রথম দিনের প্রথম অধিবেশন ছিল 'বাংলাদেশে অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে কৃষি যান্ত্রিকীকরণ'। এ অধিবেশনে সভাপতিত্ব করেন কৃষি বিশ্ববিদ্যালয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. লুৎফুল হাসান।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, সিমিট, ইরি, ইফরি ও এসিআই মোটরের প্রতিনিধিরা এ সেশনে তাদের ভাবনা উপস্থাপন করেন।

অনুষ্ঠানে বিভিন্ন সংস্থার ২৫০ জন সরাসরি ও জুমের মাধ্যমে ৫০ জনের বেশি অংশ নেন। এ দুই দিনের কর্মশালা আজ শেষ হবে।